

# এসএসসি পরীক্ষা বর্জনের হঁশিয়ারি জাতীয়করণপ্রত্যাশী এমপিওভুক্ত শিক্ষকদের

## ■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ, শতভাগ উৎসব ভাতা, সরকারি কর্মচারীদের মতো একই হারে বাড়িভাড়া ও চিকিৎসা ভাতার দাবিতে টানা ১৮ দিন রাজপথে আন্দোলনরত শিক্ষকরা। তারা বলেন, এ দাবি পূরণ না হলে এসএসসি পরীক্ষার কেন্দ্রের দায়িত্ব পালন বর্জন করা হবে। গতকাল শনিবার তারা জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালনকালে তারা এ হঁশিয়ারি দেন।

এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোটের যুগ্ম সদস্যসংঘ আবুল বাসার বলেন, গত ১২ ফেব্রুয়ারি থেকে আমরা জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছি। এর মধ্যে যমুনা অভিমুখে পদযাত্রা পুলিশ আমাদেরকে বাধা দিয়েছে, সচিবালয় অভিমুখী পদযাত্রায় পুলিশ আমাদেরকে বাধা দিয়েছে। দুই দিন আমরা মন্ত্রণালয়ের মধ্যে বৈঠক করেছি কিন্তু সরকারের পক্ষ থেকে এখনো শতভাগ উৎসব ভাতা পাওয়ার ব্যাপারে স্পষ্ট ঘোষণা পাইনি। যদি উৎসব ভাতা না দেওয়া হয় তাহলে এই প্রেস ক্লাব থেকে উঠব না, প্রয়োজনে যমুনায় আমরা স্টেডের নামাজ আদায় করব। পাশাপাশি আগামী এসএসসি দাখিল পরীক্ষা ও আমরা প্রয়োজনে বর্জন করতে পারি।